[illegible]

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... OCT 30 1999 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... [illegible] ...

# দাবি আদায়ে ১ নবেম্বর সরকারী কলেজ শিক্ষকদের কর্মবিরতি

সরকারী কলেজের শিক্ষকবৃন্দ তাঁদের বিভিন্ন দাবিতে আগামী ১ নবেম্বর সোমবার একদিনের কর্মবিরতি পালন করবেন। বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাসমূহ কর্মবিরতির আওতাবহির্ভূত থাকবে। তবে দায়িত্বরত ক্যাডার শিক্ষকগণ এ ক্ষেত্রে কালো ব্যাজ ধারণ করবেন।

শুক্রবার ঢাকা কলেজে অনুষ্ঠিত বিসিএস সাধারণ শিক্ষা সমিতির কেন্দ্রীয় নির্বাহী কমিটির এক-সভায় পূর্ব নির্ধারিত এই কর্মবিরতি পালনের দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করা হয়। সমিতির সভাপতি প্রফেসর জাহানারা বেগম এতে সভাপতিত্ব করেন। আরও বক্তব্য রাখেন সমিতির মহাসচিব অধ্যাপক মোহাম্মদ কফিলউদ্দিন, অধ্যাপক খুরশীদ জাহান, [illegible] আলম খান, রণধীর দাশ প্রমুখ। সমিতির দাবি-দাওয়ার মধ্যে রয়েছে দেশের ২৩৩টি সরকারী কলেজে ক্যাডার, নন-ক্যাডার বিভাজন করে অবিলম্বে পদোন্নতি প্রদান, আন্তঃক্যাডার বেতন বৈষম্য দূরীকরণ, অর্পিত ছুটি প্রদান এবং সমিতির সভাপতি ও মহাসচিবের প্রতি সরকারের কারণ দর্শাও নোটিস প্রত্যাহার।—বিজ্ঞপ্তি।